لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَسُولُ اللّٰهِ ﷺ

অর্থঃ আল্লাহ ছাড়া কোনো ইলাহ (উপাস্য) নেই:হযরত মুহাম্মাদ (ﷺ) আল্লাহর প্রেরিত রাসূল।

(১০০ বিবেকের আর্তনাদ)

১০০টি ভিন্ন বিষয়ের উপর ১০০টি কাব্যিক
হাহাকার,

🤲— M.শাহনুর ইসলাম—🤲

================================

উৎসর্গ

================================

আমার প্রিয়তমা সহধর্মিণী 'M.N'-এর তরে—
যে আমার জীবনের সবচাইতে কঠিন নীরবতাগুলোকেও অনায়াসে পড়তে পারে।
এই একশটি বিবেকের আর্তনাদ আসলে আমার ভেতরে বয়ে চলা সেই ঝড়,
যা কেবল তোমার উপস্থিতির শান্ত স্নিগ্ধতায় প্রশান্তি খুঁজে পায়।

আমার প্রতিটি শব্দের পেছনে মিশে আছে তোমার অনুপ্রেরণা
আর প্রতিটি হাহাকারের শেষে তোমারই দেওয়া অসীম ধৈর্য।
এই পাণ্ডুলিপি কেবল আমার নয়,
এটি আমাদের ভাগ করে নেওয়া অনুভূতির এক অলিখিত দলিল।

================================
ভূমিকা
================================

এই কাগজের ভাঁজগুলো কোনো শব্দ দিয়ে তৈরি কবিতা নয়,
এগুলো আমার দগ্ধ আত্মার এককেটি জ্যান্ত রক্তক্ষরণ।
মানুষের শরীর তো কেবল একটা মিথ্যে আড়াল,
আসল ধ্বংসস্তূপ তো লুকিয়ে থাকে তার বুকের পঞ্জরে।

সেখানে বিবেক আর অহংকার যখন নগ্ন হয়ে মুখোমুখি দাঁড়ায়,
তখন যে বীভৎস নিঃশব্দ চিৎকার জন্ম নেয়—
সেই একশটি বিদীর্ণ আর্তনাদকে আমি অক্ষরের শেকলে বেঁধেছি।

'১০০ বিবেকের আর্তনাদ' আমার নিজের সাথেই নিজের এক অন্তহীন যুদ্ধের দলিলে লেখা রক্তলেখা।
আমি এখানে কবি হতে আসিনি, এসেছি নির্দয় এক আয়না নিয়ে—
যা আপনার চোখের সামনে ধরলে আপনি নিজের সেই কুৎসিত দম্ভ
আর অসহায় মনুষ্যত্বকে উলঙ্গভাবে দেখতে পাবেন।

এখানে এমন একশটি দহন আছে, যা পড়ার সময় আপনার মনে হবে
আপনার পাঁজরের হাড়গুলো মড়মড় করে ভেঙে গুঁড়ো হয়ে যাচ্ছে।
প্রতিটি শব্দ এখানে চাবুকের মতো, যা আপনার নিথর হয়ে যাওয়া চেতনাকে রক্তাক্ত করে ছাড়বে।

আমি জানি, এই আর্তনাদ আপনাকে শান্তি দেবে না।
আমি চেয়েছিও তাই—শব্দগুলো আপনাকে অস্থির করুক,
আপনার ধমনিতে আগ্নেয়গিরির মতো জ্বালা ধরাক, আপনার আত্মাকে শ্বাসরুদ্ধ করে দিক।
কারণ, দহন ছাড়া কোনোদিন খাঁটি মানুষ জন্ম নেয়নি।

জীবনের বিচিত্র বিষাক্ত পথে পাওয়া এই একশটি গভীর ক্ষত
আজ বইয়ের পাতায় শব্দ হয়ে ডুকরে কাঁদছে।
যদি এই প্রতিটি আর্তনাদ আপনার হৃদপিণ্ডের গতি এক মুহূর্তের জন্য স্তব্ধ করে দিয়ে
শরীরে হিমশীতল স্রোত বইয়ে দিতে পারে,
তবেই বুঝব—আমার এই ধ্বংসের মহাকাব্য সার্থক।

{M.শাহনুর ইসলাম }

কৃতজ্ঞতা

এই শব্দগুলো যখন আমার হৃদয়ের অন্ধকার কোণ থেকে একে একে বেরিয়ে আসছিল, তখন অনেকেই হয়তো পাশে ছিলেন, কিন্তু খুব অল্প কজনই সেই হাহাকারটুকু অনুভব করতে পেরেছেন। '১০০ বিবেকের আর্তনাদ' পূর্ণতা পাওয়ার পেছনে কোনো বাহ্যিক সাহায্যের চেয়ে বেশি কাজ করেছে সেই মানুষগুলোর মৌন সমর্থন, যারা আমার অস্থিরতাকে প্রশ্রয় দিয়েছেন।

বিশেষ করে, আমার সহধর্মিণী 'M.N'-এর কাছে আমি আজীবন ঋণী। আমার নিস্তব্ধতা আর কলমের প্রতিটি আঁচড়কে তিনি যে ধৈর্য আর মমতা দিয়ে আগলে রেখেছেন, তা না থাকলে এই পাণ্ডুলিপি হয়তো কোনোদিন আলোর মুখ দেখত না।

এছাড়াও সেই নামহীন বিষাদ আর যন্ত্রণার মুহূর্তগুলোর প্রতি আমার অশেষ কৃতজ্ঞতা, যারা আমায় শব্দ খুঁজে নিতে বাধ্য করেছে। যারা এই পৃষ্ঠাগুলো উল্টে দেখবেন এবং আমার প্রতিটি আর্তনাদে নিজের প্রতিচ্ছবি খুঁজে পাবেন, সেই পাঠকদের জানাই আন্তরিক অন্তহীন কৃতজ্ঞতা।

— [M.শাহনুর ইসলাম]

================================

সূচি পত্র-১

================================

================================

সূচি পত্র-২

================================

================================

সূচি পত্র-৩

================================

================================
সূচি পত্র-৪
================================

বিবেকের ডাক

আয়নার সামনে দাঁড়াও একবার,
তাকাও নিজের চোখে—
কিসের এত দম্ভ তোমার?
কিসের পাথর বুকে?

ভিতরের সেই মানুষটি আজ,
মরেছে অনেক আগে—
বিবেক তোমার ঘুমিয়ে বিভোর,
কখনও কি সে জাগে?

মিছে মায়ার এই পৃথিবীতে,
ছুটছো হরিণ হয়ে—
পাপের বোঝা পাহাড় সমান,
নিচ্ছো পিঠে বয়ে।

একবার শুধু থমকে দাঁড়াও,
শোনো হৃদয়ের ডাক—
দুনিয়ার এই রঙিন খেলা,
পড়বে মনে ফাঁক।

জীবন খাতার পাতাগুলো,
ফুরিয়ে যাবে ভাই—
বিবেকহীন এই দেহটা তোমার,
মাটির ঘরের ছাই।

জেগে ওঠো ওহে পথিক এবার,
সময় যে অতি অল্প—
সাঙ্গ হবে হঠাৎ করেই,
তোমার জীবন গল্প.

ক্ষুধার আর্তনাদ

দামী পনির, দামী কাবাব,
সাজানো তোমার থালা—
প্রতিবেশীর ঘরে জ্বলছে শুধু,
পেটের তীব্র জ্বালা।

উচ্ছিষ্ট সব খাবার তোমার,
নর্দমায় আজ পড়ে—
অসহায় সেই শিশুটি কেন,
ক্ষুধার কষ্টে মরে?

বিলাসিতার এই অট্টালিকায়,
খাও যে তুমি ননী—
বিবেক কি তোর বলে না কিছু?
ওহে মিথ্যে ধনী!

পেটের দায়ে হাত পাতে সে,
তুমি ফিরাও মুখ—
পাথর কি তোর হিয়াটা বন্ধু?
কাঁদে না কি তোর বুক?

হিসাব দিতেই হবে রে তোর,
মালিকের দরবারে—
ক্ষুধার জ্বালা বুঝবি সেদিন,
নরকের ওই ধারে।

খাবার বিলাসিতা ত্যাগ করো আজ,
বাড়াও সেবুর হাত—
এক মুঠো অন্ন দিলেই হবে,
শান্তির এক রাত।

বেইমান বন্ধু

যারে তুমি ভাবলে আপন,
দিল সে বড় ফাঁকি—
বিপদ দেখে পাল্টালো রূপ,
ছলনা ছিল বাকি।

চলার পথে হাত ধরে সে,
দিয়েছিল কত আশা—
স্বার্থের টানে মুহূর্তেই শেষ,
মিথ্যে ভালোবাসা।

পিঠেতে ছুরি বিঁধিয়ে দিয়ে,
হাসছে সে আজ দূরে—
বিবেক তোমার ডুকরে কাঁদে,
অচেনা এক সুরে।

মানুষ চিনতে ভুল করো না,
দেখো হায়ার বাঁধন—
স্বার্থপরের বন্ধুতা তো,
চিরকালের কাঁদন।

বিবেককে আজ বন্ধু করো,
সত্যের প্রদীপ জ্বালো—
দুনিয়ার এই বেইমানি থেকে,
সেটাই অনেক ভালো।

মালিক ছাড়া কেউ নেই আপন,
বুঝে নাও তুমি আজ—
মানুষ সেজে পিশাচগুলো,
করছে জঘন্য কাজ।

ক্ষমতার দম্ভ

চেয়ারটা আজ তোমার হাতে,
কাঁপছে থরোথরো পাড়া—
ক্ষমতার এই দম্ভে তুমি,
হয়েছো দিশেহারা।

কাকে তুমি পর ভাবলে?
কাকে করলে পর?
ভুলে গেছো কি মাটির নিচে,
তোমার আসল ঘর?

ফিরাউন ছিল, নমরুদ ছিল,
কোথায় তারা আজ?
কালের গর্ভে লীন হয়েছে,
তাদের রাজার সাজ।

তোমার গর্জন থামবে একদিন,
আসবে মালাকুল মউত—
দেখবে তোমার প্রাসাদগুলো,
হয়ে গেছে সব ভূত।

মানুষ হয়ে মানুষের ওপর,
করছো কত শাসন—
বিবেক তোমার পুড়বে যেদিন,
হবে না কেউ আপন।

মাটির দেহ মাটিতে মিশবে,
রইবে না কোনো নাম—
সাড়ে তিন হাত জমিই হবে,
তোমার শেষ ধাম।

টাকার নেশা

রক্তের বাঁধন তুচ্ছ হলো,
টাকার নেশার কাছে—
ভাই ভুলে যায় ভাইকে এখন,
স্বার্থ যেথায় আছে।

হারাম-হালাল তফাত ভুলে,
করলে পাহাড় জমা—
বিবেকহীন এই পাপের কি আজ,
পাবে তুমি কি ক্ষমা?

দামী গাড়ি, দামী বাড়ি,
সাজাও রঙিন ঘর—
আপন মানুষগুলোই হলো,
টাকার দায়ে পর।

পকেটে তোমার গুমরে কাঁদে,
এতিমের দীর্ঘশ্বাস—
সুখের তরী ডুববে তোমার,
হবে যে সর্বনাশ।

টাকা তো শুধু হাতের ময়লা,
যাবে না কফিন সাথে—
খালি হাতেই ফিরতে হবে,
অন্ধকার সেই রাতে।

সময় থাকতে তওবা করো,
ছাড়ো এই টাকার টান—
আখেরাতের পুঁজি করো,
খাঁটি ওই ঈমান।

অন্ধ মোহ

চোখের সামনে মরীচিকা সব,
ছুটছো হরিণ হয়ে—
পাপের বোঝা পাহাড় সমান,
নিচ্ছো পিঠে বয়ে।

রঙিন এই দুনিয়ার খেলা,
মিছে এই মায়ার ঘর—
নিজের হাতেই খুঁড়ছো তুমি,
নিজেরই কবর।

যৌবন শেষে ভাটা পড়বে,
কুঁচকাবে গায়ের চাম—
তখন বুঝবে দুনিয়ার মোহে,
কেন দিলে এত দাম?

মোহের নেশায় অন্ধ তুমি,
ভুলেছো আপন রবে—
দুনিয়ার সব আলো তোমার,
মিছে হয়ে যাবে।

সময় থাকতে তওবা করো,
ফিরে এসো নীড়ে—
আসল শান্তি পাবে তুমি,
মালিকের ওই ভিড়ে।

এই পৃথিবী এক ধোঁকা যে,
বিবেকে দাও টান—
আখেরাতের পুঁজি করো,
খাঁটি ওই ঈমান।

রক্ত ও স্বার্থ

বাবার রক্ত, মায়ের আদর,
বিক্রি করলে আজ—
সম্পদ পেতে আপন পর হলো,
নেই তো কোনো লাজ।

একই নাড়ির টান ছিল যেথা,
সেথা আজ হাহাকার—
টাকার কাছে হার মেনে গেল,
পবিত্র রক্তের ভার।

বিবেক কি তোমার কাঁদে না ও ভাই?
স্বার্থ কি বড় অতি?
আখেরাতে কি হবে তোমার,
ভেবেছো কি শেষ গতি?

ভাই ভুলে যায় ভাইরে যখন,
আসে টাকার নেশা—
রক্তের বাঁধন তুচ্ছ তখন,
মিছে এই ভালোবাসা।

রক্তের হক নষ্ট করলে,
পাবে না খোদার ক্ষমা—
হিসাব দিতেই হবে তোমার,
যা করছো পাপ জমা।

নিজের হাতে নিজের শেকল,
পড়ো না নিজের পায়—
রক্তের টানেই মুক্তি তোমার,
খোদার ওই আঙ্গিনায়।

বৃদ্ধাশ্রমের চিঠি

যাদের আঙুল ধরে হাঁটলে,
শিখলে কথা বলা—
আজ তাদের কেন ঘরছাড়া করলে?
কেমন তোমার চলা?

দামী ফ্ল্যাটের বেলকনিতে,
বাবা-মায়ের ঠাঁই নাই—
বৃদ্ধাশ্রমের দেয়াল কাঁদে,
তুমি কি মানুষ ভাই?

তোমার সন্তানও শিখছে বন্ধু,
তোমারই দেওয়া কাজ—
ভবিষ্যতে তোমারও তো কপালে,
জুটবে এমন লাজ।

পায়ের নিচে জান্নাত ছিল,
ঠেললে কেন দূরে?
বিবেক তোমার আর্তনাদ করে,
নরকের সেই সুরে।

মায়ের চোখের এক ফোঁটা জল,
অরশ কাঁপায় ভাই—
সে অভিশাপে ধ্বংস হবে,
রইবে না কিছুই তাই।

ফেরো এখনও সময় আছে,
সেজদাহ করো পায়—
বাবা-মায়ের দোয়া ছাড়া,
ঠাঁই নাই দুনিয়ায়।

মিথ্যের মিছিল

সত্য আজ লাঞ্ছিত বড়,
মিথ্যের জয়গান—
মানুষ সেজে পিশাচগুলো আজ,
কাড়ছে মানুষের মান।

মুখোশ পরে ঘুরছো সবাই,
অন্তরে বিষ ভরা—
সত্যের আলো নিভে গেলে বন্ধু,
আঁধার হবে ধরা।

মিথ্যে বলে করছো জয়,
ভাবছো তুমি সেরা—
হাশরের ওই ময়দানে আজ,
হবে যে তুমি ঘেরা।

জিহ্বা তোমার ধারালো ছুরি,
কাটছে অন্যের বুক—
মিথ্যের এই সাম্রাজ্যে তুই,
খুঁজিস কিসের সুখ?

বিবেককে বলো সত্য বলতে,
ভয় পেয়ো না আর—
সত্যের পথেই মুক্তি তোমার,
ঘুচবে অন্ধকার।

একটি মিথ্যে সহস্র পাপ,
ডেকে আনে যে কাল—
সত্যের আলোয় ভেঙে দাও আজ,
মিথ্যের ওই জাল।

শেষ গন্তব্য

রাজপ্রাসাদ কি কুঁড়েঘর,
থাকবে না কেউ সঙ্গে—
সাড়ে তিন হাত মাটির নিচে,
মিশবে নতুন ঢঙে।

১০০ বিবেকের আর্তনাদ শোনো,
জাগো রে ও ভাই—
দুনিয়া তো এক পান্থশালা,
পালানোর পথ নাই।

জীবন খাতার পাতা ফুরাবে,
শেষ হবে সব গান—
সাথী হবে শুধু নেক আমল,
আর খাঁটি ওই ঈমান।

দামি গাড়ি, নামী বাড়ি,
সবই তো ধুলিকণা—
আঁধার কবরের ওপারে বন্ধু,
আসল ঠিকানা চেনা।

আজকে তুমি রঙিন সাজে,
করছো কত ভান—
কালকে তোমার নিথর দেহে,
থাকবে না কোনো প্রাণ।

বিবেক জাগাও পথিক এবার,
সময় অতি অল্প—
সাঙ্গ হবে হঠাৎ করেই,
তোমার জীবন গল্প।

শিক্ষিত বেকার

হাতেতে দামী ডিগ্রি তোমার,
মাথায় এক আকাশ—
বুকের ভিতর গুমরে কাঁদে,
দীর্ঘ এক নিঃশ্বাস।

বাবার চোখের চশমাটা আজ,
হয়েছে আরও ঝাপসা—
চাকরি নামের সোনার হরিণ,
বড়ই কঠিন ব্যবসা।

শিক্ষিত এই সমাজে বন্ধু,
মেধার মূল্য নাই—
ঘুষের তলায় চাপা পড়ে,
যোগ্যতা হারায় ভাই।

মা পাঠালো শহর পানে,
দুঃখ ঘোচানোর আশে—
আজ সেই ছেলেই লুকিয়ে কাঁদে,
মেসের এক কোণে বসে।

বিবেক কি তোর বলে না সমাজ?
কেমন শিক্ষিত তুই?
যোগ্য মানুষের রক্ত চুষে,
ধরছিস টাকার মই।

শিক্ষার আলোয় নিভলো অন্ধকার,
নাকি বাড়ছে আঁধার ঘোর?
যোগ্য সম্মান ফিরিয়ে দিতে,
আসবে কি নতুন ভোর?

যৌতুকের বলি

সাদা শাড়িতে লাল রক্ত,
নববধূর ওই বেশ—
লোভী শশুরের টাকার টানে,
জীবন হলো শেষ।

বাবার হাড়ভাঙা খাটুনি দিয়ে,
সাজালো মেয়ের ঘর—
তবুও কি তোর মন ভরলো না?
ওরে পাষাণ বর!

টাকা না পেয়ে মারলে মেয়েরে,
গলা টিপে ধরলে শ্বাস—
বিবেক কি তোর একটুও কাঁপে না?
দেখলে মেয়ের লাশ!

সোনার গয়না, দামী আসবাব,
চেয়েছিলে কত কিছু—
নরকের ওই আগুন তোকে,
ছাড়বে না আর পিছু।

বিবেকের আর্তনাদ শোনো এবার,
যৌতুক এক বিষ—
লোভের বশবর্তী হয়ে,
দিলে মেয়েরে টিস।

সমাজ তুমি নিরব কেন?
বন্ধ করো এই খেলা—
মেয়ের বাবার চোখের জল,
ভাসাবে তোরে বেলা।

ইভটিজিং ও আর্তনাদ

রাস্তার মোড়ে দাঁড়িয়ে তুমি,
দিচ্ছো কত শিস—
বোনটি তোমার ঘর থেকে বেরোলে,
হৃদয়ে লাগে বিষ।

পরের বোনরে দেখলে তোমার,
বিবেক মরে যায়—
একটুখানি লালসা তোমার,
মান সম্মান খায়।

তীক্ষ্ণ কথার তলোয়ারে,
কাটলে মেয়ের মন—
আত্মহননের পথ বেছে নেয়,
সে যে অবলা জন।

বিবেকের কাছে কি জবাব দিবি?
পশুর সমান কাজ—
নিজের বোনরে আগলে রাখিস,
অন্যকে দিস লাজ!

প্রতিটি নারী কারো কন্যা,
কারো আদরের বোন—
সম্মান দিতে না পারলে তুই,
মানুষ কি কোনোক্ষণ?

জেগে ওঠো ওহে যুবক এবার,
দৃষ্টি সংযত করো—
পবিত্র এই সমাজের মান,
একটু শক্তে ধরো।

নেশার নীল দংশন

রাতের অন্ধকারে বসে আছো,
হাতে মরণ নেশা—
রঙিন ধোঁয়ায় উড়িয়ে দিচ্ছো,
সবটুকু ভালোবাসা।

মা-বাবার ওই মুখের হাসি,
মুছলে তুমি নিজ হাতে—
সোনার যৌবন পোড়াচ্ছো আজ,
অন্ধকার ওই রাতে।

টাকার অভাবে ঘর চুরি করো,
মারো জনম দুঃখী মারে—
বিবেক কি তোর একটুও বলে না,
যাস কোন আঁধারে?

নেশার ঘোরে ডুবিয়ে দিলে,
পরিবার ও প্রাণ—
ধ্বংসের পথে যাচ্ছো তুমি,
হারিয়ে সম্মান।

ফেরো এখনও সময় আছে,
ফিরে এসো আলোর পথে—
মরণ নেশার বিষ ছেড়ে দাও,
ওঠো জীবনের রথে।

তওবা করো মালিকের কাছে,
আঁধার কাটবে জানি—
বিবেক যখন আর্তনাদ করবে,
ঝরবে চোখের পানি।

পরকীয়ার বিষ

আয়নার মতো সংসার ছিল,
সাজানো রঙের ঘর—
একটু রঙিন মোহের লোভে,
সবাই হলো পর।

সন্তানের ওই মায়াবী মুখ,
ভুললে তুমি কোন টানে?
মিথ্যে প্রেমের বিষ ঢাললে,
আপনজনের প্রাণে।

বিশ্বাসের সেই পবিত্র বাঁধন,
ছিঁড়লে তুমি নিজে—
বিবেক কি তোর কাঁদে না রে?
পাপের সাগরে ভিজে।

পরের নেশায় মত্ত হয়ে,
হারিয়েছো আপন মান—
মুহূর্তের ওই আনন্দ তো,
আখেরাতের বিষ পান।

ঘর ভাঙার এই খেলা তো বন্ধু,
শয়তানি এক চাল—
বিবেকের দংশন হবে শুরু,
আসবে যখন কাল।

পবিত্রতা ফিরিয়ে আনো,
ফিরিয়ে নাও মন—
পরকীয়ার ওই অন্ধকার থেকে,
বাঁচাও আপনজন।

এতিমের হক

মাথা গোঁজার ঠাঁই নেই যার,
দু'বেলা জোটে না খাবার—
তারই সম্পদ গ্রাস করলে তুমি?
ওরে অত্যাচারী এবার!

এতিমের মাথায় হাত না রেখে,
মারলে তারে কষ—
বিবেক কি তোর বলে না রে,
যাবে সব তোর যশ।

মিষ্টি কথায় ভোলালে তারে,
নিলে সবটুকু লিখে—
দোজখের আগুন গিলছো তুমি,
তাকিয়ে কিয়ামত দিকে।

অসহায় ওই শিশুর চোখের জল,
আরশ কাঁপাবে ভাই—
এতিমের হক নষ্ট করলে,
পালাবার পথ নাই।

মালিক তোমায় ছাড় দেবেন না,
হবে যে মহাহিসাব—
বিবেক তখন আর্তনাদ করবে,
দিবে না কেউ জবাব।

সময় থাকতে ফিরিয়ে দাও সব,
হও যে তওবাশীল—
এতিমের দোয়ায় মুক্তি পাবে,
হবে জীবন নিখিল।

জুলুমের তলোয়ার

দুর্বলের ওপর করছো জুলুম,
সহ্য হয় না আর—
ক্ষমতার ওই মদমত্তে তুমি,
হয়েছো এক আঁধার।

গরিবের ঘর পুড়িয়ে দিলে,
কাড়লে তাদের জমি—
বিবেক কি তোর জাগ্রত হয় না?
পাপের মাঝে ভ্রমি।

মজলুমের ওই দীর্ঘশ্বাস,
অভিশাপ হয়ে ঝরবে—
তোমার অট্টালিকা তাসের ঘর,
মাটিতে মিশে পড়বে।

জুলুমবাজের বিচার হবে,
আখেরাতের ওই মাঠে—
হিসাব দিতেই হবে রে তোর,
সেদিন চরম নাটে।

চাটুকারের দল

মিষ্টি কথায় ভুলিয়ে রাখো,
নেতার ওই কান—
সত্যকে তুমি ঢাকলে মিথ্যেয়,
কাড়লে দেশের মান।

যোগ্য মানুষের পথ আগলে,
দাঁড়াও তুমি আগে—
চাটুকারিতার বিষ তো তোমার,
সর্ব শরীর দাগে।

স্বার্থের জন্য পা চেটে খাও,
বলছো মিথ্যে জয়—
বিবেক কি তোর কড়া নাড়ে না?
হবে যখন মহালয়।

মুখোশ তোমার খুলবে একদিন,
সবই হবে ফাঁস—
চাটুকারিতার ফল তো বন্ধু,
নিজেরই সর্বনাশ।

বিবেককে বলো সত্য বলতে,
ছাড়ো ওই তোষণ—
মানুষ হয়ে মানুষের সম্মান,
করো না তুমি শোষণ।

আখেরাতে ওই মিথ্যে কথা,
সাক্ষী দেবে তোর বিরুদ্ধে—
সত্যের পথেই মুক্তি তোমার,
নেমো ন্যায়ের যুদ্ধে।

আয়নার সামনে অপরাধী

প্রতিদিন সকালে আয়নার সামনে,
দাঁড়াও যখন তুমি—
নিজের চোখে তাকাতে কি পারো?
পাপের মরভূমি।

হাজারো মানুষের চোখের জল,
পায়ের নিচে পিষে—
আজ নিজেকে সুখী ভাবছো?
হৃদয় ভরা বিষে।

বাইরে তোমার দামী পোশাক,
ভিতরে পচা ঘুণ—
বিবেকের আদালতে তুমি,
করছো নিজেরে খুন।

মিথ্যে হাসির আড়ালে তোমার,
লুকানো কত লাজ—
অপরাধের ওই বোঝা তোমার,
সাজানো মাথার তাজ।

আয়না তোমায় সত্যি বলবে,
দেখাবে তোমার রূপ—
বিবেক যখন আর্তনাদ করবে,
হবে তুমি এক চুপ।

সময় থাকতে ক্ষমা চাও আজ,
মালিকের রহম পাও—
আয়নার ওই অপরাধী সত্তা,
মুছে তুমি দাও।

মনুষ্যত্বের আকাল

মানুষ মরে মানুষ দেখে,
তুলে নেয় সেলফি—
সাহায্য করার হাত বাড়াতে,
লাগে সবার ফি।

রাস্তার ধারে পড়ে আছে লোক,
রক্তে ভেজা গায়—
মানবিকতা ডুকরে কাঁদে,
মানুষের এই ধরায়।

যন্ত্রের মতো জীবন সবার,
মমতা নেই মনে—
টাকা আর স্বার্থই শুধু,
ঘুরছে সারাক্ষণে।

বিবেক তোমার মরে গেছে কবে?
মনুষ্যত্ব কি শেষ?
পশুর চেয়েও অধম হয়ে,
ধরছো মানুষের বেশ।

মনুষ্যত্বের আকাল ঘুচাতে,
হতে হবে দরদী—
ভালোবাসার এই পৃথিবী গড়ে,
মুছো সবার বিবাদী।

১০০ বিবেকের আর্তনাদ শোনো,
মানুষ হতে শেখো—
সবার উপরে মানুষ সত্য,
এই কথাটি লেখো।

অহংকারের চাদর

মাটির পৃথিবীতে দম্ভ তোমার,
আকাশ ছোঁয়া বুক—
নিজেকে ভেবেছ সবার সেরা,
তাকিয়ে পরের মুখ।

দামী পোশাক আর দামী গাড়ি,
অহংকারের সাজ—
ভুলে গেছো কি মাটির দেহ,
পড়বে মাথায় বাজ।

যারে তুমি তুচ্ছ ভাবলে,
ঘৃণায় ফিরালে মুখ—
সেও তো খোদার সৃষ্টি বন্ধু,
তোর কেন এত সুখ?

অহংকারের চাদর গায়ে,
হাঁটো তুমি বীরের বেশে—
একদিন তো এই দেহটাই,
মিশবে ধুলোর শেষে।

ইবলিসও তো হারিয়ে গেল,
একই অহংকারে—
তুই কি তবে অমর হবি,
এই নশ্বর সংসারে?

বিবেক তোমার আর্তনাদ করে,
নম্র হতে শেখো—
মাটির মানুষ মাটির ঘরে,
নামটি তোমার লেখো।

গীবত ও জবান

পরের নিন্দা করতে তোমার,
লাগে বড়ই মিঠা—
মুখের কথায় বিষ ঢেলে দাও,
ভাঙো অন্যের ভিটা।

নিজের দোষের পাহাড় আড়ালে,
অন্যের খুঁত খোঁজো—
মৃত ভাইয়ের গোশত খেতে,
কেমন লাগে বোঝো?

তিলকে তুমি তাল বানাও আজ,
রটাও কত রটনা—
বিবেক কি তোর বলে না রে,
সামনে কঠিন ঘটনা।

হাশরের ওই ময়দানে তোর,
জিহ্বা দেবে সাক্ষী—
মিথ্যে গীবত করে কি তোর,
ভরলো মনের কক্ষি?

জবান তোমার পবিত্র করো,
বন্ধ করো এই খেলা—
পরনিন্দার ফল তো বন্ধু,
নরকের ওই ভেলা।

সংযত করো নিজের ভাষা,
খুঁজতে শেখো গুণ—
গীবত করলে আমল তোমার,
পুড়বে যেমন চুণ।

হিংসার অনল

অন্যের সুখ দেখে তোর কেন,
বুকের ভিতর জ্বলে?
হিংসার ওই আগুনে তুই,
পুড়ছিস তলে তলে।

পরের হাসি সহ্য হয় না,
চাস শুধু তোর ভালো—
হিংসা কি তোর মনেতে আজ,
জ্বালবে কোনো আলো?

শুকনো কাঠে আগুন লাগলে,
যেমন পুড়ে সব—
হিংসা তেমন আমল পুড়িয়ে,
শোনায় হাহাকার রব।

মালিক যাকে দিয়েছেন যা,
তাতেই খুশি থাক—
হিংসার ওই বিষাক্ত সাপ,
গলা ধরবে পাক।

মনটা বড় করো ও ভাই,
ছাড়ো এই কু-প্রবৃত্তি—
হিংসা ছেড়ে ভালোবাসা দাও,
পাবে তুমি মুক্তি।

বিবেককে বলো উদার হতে,
মুছো মনের কালি—
হিংসার পথে হাঁটলে তুমি,
হবে যে জন খালি।

রিয়া (লোক দেখানো ইবাদত)

নামাজ পড়ো লোকের লাগি,
দেখাও কত ভক্তি—
ভিতরে তোমার পচা আবর্জনা,
নেই তো কোনো শক্তি।

দান করো তুমি হাত বাড়িয়ে,
ক্যামেরা করো সাথী—
মানুষ তোমায় দাতা বলবে,
জ্বালবে নামী বাতি।

এই কি তোমার ইবাদত বন্ধু?
মালিক কি তা চায়?
লোক দেখানো কাজগুলো সব,
ধুলোয় মিশে যায়।

বিবেকহীন এই লোক দেখানো,
ইবাদত এক বিষ—
আখেরাতে কি পাবে তুমি,
করে ফিসফিস?

ইখলাস ছাড়া সিজদাহ তোমার,
পড়বে না কবুল—
আল্লাহর লাগি করছ কি কিছু?
নাকি করছ ভুল?

সময়ের অপচয়

আড্ডা আর মিছে খেলায়,
কাটছে তোমার বেলা—
সময়ের ওই নদীটা আজ,
করছে মরণ খেলা।

এখনও যুবক, এখনও সময়,
ভাবছো আসবে কাল—
হঠাৎ করেই ছিঁড়ে যাবে যে,
জীবনের ওই জাল।

ঘড়ির কাঁটা চলছে বন্ধু,
থামবে না তো ক্ষণ—
আখেরাতের পুঁজি কি তোর,
জমেছে মনে কন?

হেলায় সময় হারায়ো না আর,
ফুরিয়ে যাবে আয়ু—
স্থির হবে ওই চঞ্চল দেহ,
থামবে যখন বায়ু।

বিবেক কি তোর একটুও বলে না,
করছ কিসের নেশা?
সময়ের সদ্ব্যবহারই হলো,
শ্রেষ্ঠ ভালোবাসা।

হিসাব দিতেই হবে রে তোর,
প্রতিটি পল ও দন্ড—
সময়ের এই অবহেলা তো,
ভুল তোমার প্রচন্ড।

স্মার্টফোনের আসক্তি

হাতের মুঠোয় জগত তোমার,
চোখ যে স্ক্রিনের ঘোরে—
আপন মানুষ পাশে বসে,
তবু তুমি থাকো দূরে।

ফেসবুক আর টিকটকে আজ,
ডুবেছে সোনার প্রাণ—
ইবাদতের সময় কোথায়?
হারিয়েছো সব জ্ঞান।

অশ্লীলতার জোয়ারে আজ,
ভাসছে তোমার মন—
স্মার্টফোনের ওই বিষে নীল,
হচ্ছে সারাক্ষণ।

মা-বাবা আজ ডাকছে তোমায়,
পাচ্ছ না তো সাড়া—
ভার্চুয়াল ওই জগতের মাঝে,
তুমি আজ দিশেহারা।

বিবেক তোমার বন্দি এখন,
চৌকো পর্দার তলায়—
স্মার্টফোন কি দেবে মুক্তি,
নরকের ওই জ্বালায়?

সীমা টেনে দাও আসক্তির আজ,
জাগাও নিজেরে ভাই—
যন্ত্রের এই দাসত্ব থেকে,
মুক্তি কি তোমার নাই?

অশ্লীলতার জোয়ার

চোখ ধাঁধানো নগ্নতা আর,
অশ্লীলতার গান—
পবিত্র এই মাটির বুকে,
হচ্ছে অপমান।

সংস্কৃতির দোহাই দিয়ে,
বেহায়াপনার সাজ—
বিবেক কি তোর একটুও পায় না,
ভিতরে কোনো লাজ?

যুব সমাজ আজ ধ্বংসের মুখে,
দৃষ্টিতে পাপের নেশা—
নষ্ট হচ্ছে পবিত্র সেই,
মানুষের ভালোবাসা।

পর্দার কথা বললে এখন,
হাসো তুমি তুচ্ছ ভেবে—
দোজখের ওই আগুনের লেলিহান,
তখন কি তোমায় দেবে?

হায়া ও লজ্জা ঈমানের অঙ্গ,
ভুলে গেছ কি ও ভাই?
অশ্লীলতার স্রোতে ভাসলে,
ঈমানের কোনো ঠাঁই নাই।

ফিরে এসো সেই শালীন পথে,
পবিত্র করো সমাজ—
বিবেকের এই আর্তনাদ শোনো,
বন্ধ করো এই কাজ।

পর্দার আড়ালে পাপ

বাইরে তুমি সাধুর বেশে,
মুখে নূরের আভা—
একলা ঘরে ল্যাপটপ খুললে,
পাপের কত থাবা।

মানুষ তোমায় ভালো যে বলে,
চেনে না আসল রূপ—
একলা মনের অন্ধকারে,
মরছো তুমি চুপ।

যিনি তোমায় সৃষ্টি করেছেন,
দেখছেন তিনি সব—
পর্দার আড়ালে পাপ করলে কি,
পাবে না কোনো রব?

বিবেক তোমার কাঁদে না কি রে,
লজ্জা কি তোর নাই?
আঁধার ঘরের পাপে তোর,
ঈমান পোড়া ছাই।

আল্লাহর ভয় কি মনেতে নেই?
একলা যখন থাকো—
পবিত্রতার চাদরটা দিয়ে,
নিজেরে তুমি ঢাকো।

তওবা করো মন থেকে আজ,
ছেড়ো গোপন গুনাহ—
মালিকের কাছে ক্ষমা চাইলে,
পাবে যে তুমি পানাহ।

———————————————————————————————————————

আমানতে খেয়ানত

———————————————————————————————————————

বিশ্বাস করে দিয়েছিল কেউ,
একটি গোপন কথা—
স্বার্থের দায়ে ফাঁস করে দিলে,
দিলে মনেতে ব্যথা।

সম্পদ কিম্বা আমানত হোক,
রাখলে না তার মান—
বিবেকের তরী ডুবলে তুমি,
কাড়লে সম্মান।

খেয়ানতকারী মুনাফিক হয়,
নবীজির ওই বাণী—
ভুলে গেছ কি বন্ধু তুমি,
হবে যে বড় গ্লানি।

আমানত তো পবিত্র এক,
ঈমানি পরীক্ষার ফল—
স্বার্থের জন্য করলে খেয়ানত,
হবে তুমি বিফল।

মানুষ যখন ভরসা হারায়,
সমাজ যে ভেঙে পড়ে—
খেয়ানত করা পাপের বোঝা,
পিঠে নিয়ে তুই মরে।

আমানতদার হতে শেখো এবার,
হও যে বিশ্বাসী—
মুনাফিকের ওই তকমা ছেড়ে,
হও সত্যের অভিলাষী।

———————————————————————————————————————

বিবেকের আদালত

দুনিয়ার এই আইন-কানুন,
চক্ষু বুজে চলে—
পাপ করে তুই ছাড় পাস যদি,
মিথ্যে কথার ছলে।

আসল আদালত ও ভাই তোমার,
নিজেরই তো ভিতর—
বিবেকের কাছে কি জবাব দিবি?
ওরে পাপিষ্ঠ ইতর!

বিবেক যখন কাঠগড়ায় আজ,
দাঁড় করাবে তোরে—
পালানোর কোনো পথ কি পাবি,
মাঝ দরিয়ার ঘোরে?

নিজের কাছে নিজে অপরাধী,
সবচেয়ে বড় সাজ—
বিবেকের এই আদালতই তোর,
করবে সব ফাঁস।

পাপের আগে একবার ভাবিস,
বিবেক কি তোকে টানে?
ভিতরের সেই আর্তনাদ কি,
বিঁধবে না তোর প্রাণে?

১০০ বিবেকের আর্তনাদ শোনো,
জাগো রে ও ভাই—
বিবেকের এই আদালতে আজ,
তোর যে রক্ষা নাই।

কলম সৈনিকের কান্না

সত্যি কথা বলতে গেলে,
কাঁপছে কেন হাত?
কলম তোমার বিক্রি হলো?
পেলে কি দামী ভাত?

যাদের তরে লিখতে তুমি,
শোষিত সেই দল—
তাদের চোখের জল কি মোছে?
কলম কি বিফল?

মিথ্যে খবরের রঙিন পাতায়,
সাজাও মিথ্যে জয়—
বিবেকের কাছে কি জবাব দিবি?
পাস না কি তুই ভয়?

কলম তো এক পবিত্র অস্ত্র,
অন্যায়ের বিরুদ্ধে—
তুমিও কি আজ নাম লেখালে,
সেই পাপিষ্ঠ যুদ্ধে?

সত্যের টুটি চেপে ধরে,
হাসছ অট্টহাসি—
কলম সৈনিক মরে গেলে,
হবে যে গলায় ফাঁসি।

বিবেকের এই আর্তনাদ শোনো,
কলমে ফোটো ধার—
সত্যের আলোয় ভেঙে দাও আজ,
মিথ্যের অন্ধকার।

——

ভোট ও প্রতিশ্রুতি

——

ভোটের আগে মিষ্টি বুলি,
বিছিয়ে দাও কত—
বিপদ আপদ যখন আসে,
থাকো কি অবিরত?

সোনার বাংলার স্বপ্ন দেখাও,
দাও যে দামী আশা—
জিতে গেলে বদলে যায়,
তোমার ভালোবাসা।

পিচঢালা পথ, নর্দমা সব,
যেমন ছিল তেমন—
তোমার বাড়ি আজ ঝলমল করে,
হলো রে তা কেমন?

গরিবের পেটে মারলে লাথি,
কাড়লে তাদের মান—
বিবেক কি তোর বলে না রে,
হারাবে সম্মান?

প্রতিটি ভোটের হিসাব নিবেন,
মালিকের দরবারে—
প্রতিশ্রুতির খেয়ানত করলে,
পুড়বি তুই আঁধারে।

মানুষকে ভালোবেসে দেখো একবার,
খুলবে মনের তালা—
সেবার মাঝেই শান্তি খুঁজে,
মুছো সবার জ্বালা।

——

শ্রমিকের ঘাম

রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে,
ঘামছে মজুর ভাই—
তারই গায়ের রক্ত দিয়ে,
তোর অট্টালিকা পাই।

ঘাম শুকানোর আগেই যে তার,
মজুরি দেওয়ার কথা—
তুমি কেন দিনের পর দিন,
দিচ্ছো মনে ব্যথা?

দামী এসি রুমে বসে,
করছো কত দাপট—
শ্রমিকের হাহাকারে তোর,
ঘর যে হবে লণ্ডভণ্ড।

বিবেক কি তোর একটুও বলে না,
মালিক যখন সাজিস?
শ্রমিকের ঘাম চুষে নিয়ে,
কিভাবে তুই বাজিস?

আল্লাহর কাছে বিচার হবে,
অত্যাচারী প্রতিটি কাজের—
শ্রমিকের হক নষ্ট করলে,
রইবে না কিছুই রাজের।

নম্র হও ওহে কলকারখানার মালিক,
শ্রমিককে আপন করো—
ইনসাফের এই হাতটা দিয়ে,
মমতা একটু ধরো।

ভেজাল ও মুনাফাখোর

রঙিন ফলে বিষ মাখালে,
ভেজাল দিলে খাদ্যে—
মানুষ মারার এই ব্যবসা,
তোমার মনের পদ্যে?

অল্প লাভে মন ভরে না,
চাও যে অনেক টাকা—
সুখের তরী ডুবলে তোমার,
হবে যে জীবন ফাঁকা।

শিশুর দুধে মিশালে জল,
রক্তে ভেজাল তেল—
বিবেক কি তোর বলে না রে,
এটা মৃত্যুরই এক খেল?

মানুষের আয়ু কমিয়ে দিয়ে,
সাজাও তুমি ঘর—
আখেরাতে এই পাপের বোঝা,
হবে কত দুস্তর।

মুনাফার ওই পাহাড় তোমার,
ধ্বংস হবে জানি—
বিবেকের এই দংশনে তোর,
ঝরবে চোখের পানি।

হালাল পথে রুজি করো,
ভেজাল মুক্ত সমাজ—
আল্লাহর কাছে মুক্তি পাবে,
ছাড়ো এই পাপের কাজ।

সুদের শিকল

বিপদ দেখে হাত বাড়ালে,
দিলে সুদের ঋণ—
অসহায় মানুষটি আজ,
হলো বড়ই দীন।

একশ টাকা ধার দিয়ে আজ,
নিচ্ছো ডাবল কিস্তি—
সুদের এই বিষাক্ত ছোবল,
করছে যে অনাসৃষ্টি।

বিবেকহীন এই অর্থ তোমার,
রক্ত চোষা দান—
আল্লাহর সাথে যুদ্ধ করা,
সুদের এক সমান।

সংসারটা ধ্বংস হলো,
সুদের ওই জালে—
তুমিও কি আজ মত্ত আছো,
রঙিন সেই তালে?

সুদ তো এক সর্বনাশা,
হারাম রুজির মূল—
আখেরাতের ওই আগুনের কুণ্ডে,
পুড়বে তুমি ভুল।

সুদ ছেড়ে দাও তওবা করো,
করো রে হালাল কাম—
শান্তির জীবন পাবে তুমি,
রইবে তোমার নাম।

এতিমখানার কান্না

বাবা-মা হীন ওই শিশুটি,
বসে আছে দ্বারে—
তারই নামে টাকা তুলে,
খাও যে তুমি আহারে!

এতিমের ওই চোখের জল,
মুছলে না তো কেউ—
তাদের হক মেরে খেলে,
আসবে মরণ ঢেউ।

বিবেক কি তোর একটুও জাগে না?
পাপ কি মনে ধরে?
এতিমের দীর্ঘশ্বাসে তোর,
ঘর যে ছারখার করে।

মিষ্টি কথায় এতিম ভুলিয়ে,
মারলে তাদের পেটে—
আখেরাতে কি জবাব দিবি?
সেদিন বড় নাটে।

এতিমের মাথায় হাত রাখলে,
জান্নাত হবে সাথী—
তাদের সম্পদ গ্রাস করলে,
নিভবে ঘরের বাতি।

দয়ালু হও ওহে সমাজ সেবক,
এতিমকে আপন করো—
তাদের চোখের অশ্রু মুছে,
মমতা একটু ধরো।

রাজপথের মিছিল

হক কথার মিছিল এলো,
রাজপথ হলো লাল—
ক্ষমতার ওই মদমত্তে তুই,
বিছিয়ে দিলে জাল।

নির্দোষের ওই তাজা রক্ত,
পিচঢালা পথে ভাসে—
বিবেক কি তোর একটুও কাঁপে না?
খুনীরা যখন হাসে।

অধিকারের কথা বললেই,
জুটবে কি শুধু গুলি?
বিবেকহীন এই শাসন ব্যবস্থা,
মরবে যখন কলি।

রক্তের প্রতিটি ফোঁটা তো তোর,
বিচার যে আজ চায়—
বিবেকের আদালত একদিন,
সাজাবে যে ধরায়।

জুলুমবাজের বিদায় হবে,
ন্যায়ের হবে জয়—
রক্তের দামে স্বাধীনতা আজ,
পাবে যে মহালয়।

মানবিক হও ওহে হুকুমদাতা,
বন্ধ করো এই খুন—
রাজপথের ওই রক্তের ছোপ,
জ্বালাবে পাপের হুণ।

———

দুর্নীতির মহোৎসব

———

অফিস থেকে আদালত পর্যন্ত,
দুর্নীতির ওই বিষ—
টাকা ছাড়া কাজ হয় না,
সবাই করে ফিসফিস।

ঘুষের টাকায় সাজাও বাড়ি,
করছো কত বিলাস—
দুর্নীতিতে এই দেশটা আজ,
হচ্ছে যে বিনাশ।

বিবেক কি তোর বলে না রে,
পাপের তরী বাইছিস?
হারাম রুজি পেটে পুরে,
শান্তি কি তুই পাইছিস?

সাধারণ মানুষের দীর্ঘশ্বাসে,
তোর যে হবে ক্ষয়—
দুর্নীতিবাজের বিচার হবে,
সেদিন মহাপ্রলয়।

সাদা জামার আড়ালে তোর,
লুকানো কত গ্লানি—
বিবেকের এই আর্তনাদ শোনো,
ফেরো সত্যের পথেই জানি।

সততার ওই সমাজ গড়ো,
ছাড়ো ঘুষের হাত—
আখেরাতের মুক্তি পাবে,
শান্ত হবে রাত।

———

বিচারহীনতার সংস্কৃতি

টাকার কাছে আইন বিক্রি,
পেল না বিচার কেউ—
অসহায় মানুষটি আজ,
ভাসছে দুঃখের ঢেউ।

অপরাধী আজ দাপটে ঘোরে,
মজলুম কাঁদে দ্বারে—
বিবেক কি তোর মরে গেছে আজ?
বিচারকের ঐ হাহাকারে।

আসল বিচারক তো উপরওয়ালা,
দেখছেন তিনি সব—
বিচারহীনতার এই সংস্কৃতিতে,
পাবে না কোনো রব।

হক ইনসাফ যদি না থাকে,
ধ্বংস হবে ধরা—
বিবেকের আদালত একদিন,
হবে যে সবার গড়া।

মিথ্যে সাক্ষ্য দিয়ে তুমি,
জিতালে পাপিষ্ঠে—
আখেরাতে কি রক্ষা পাবি,
মালিকের ঐ বিচারে।

ন্যায়বিচারক হতে শেখো ও ভাই,
ভয় পেয়ো না আর—
বিবেকের আর্তনাদ শোনো,
ঘুচবে অন্ধকার।

স্বাধীনতার হাহাকার

নামের শেষে স্বাধীনতা,
কাজে কি স্বাধীন তুই?
বিবেক তোমার বন্দি আজ,
ধরছো মিথ্যের মই।

কথা বলার অধিকার কেড়ে,
করছো কত বাহাদুরি—
স্বাধীনতার ওই মানচিত্র আজ,
বিবেক করে যে চুরি।

নিজের স্বার্থে দেশ বিক্রি,
করলে তুমি নিজে—
বিবেক কি তোর বলে না রে,
পাপের সাগরে ভিজে।

শহীদের ওই রক্তের দাম,
বুঝলে না তো কেউ—
স্বাধীনতার এই হাহাকারে,
আসছে মরণ ঢেউ।

বিবেক যখন স্বাধীন হবে,
বলবে সত্য কথা—
সেদিন হবে আসল বিজয়,
ঘুচবে সবটুকু ব্যথা।

১০০ বিবেকের আর্তনাদ শোনো,
দেশকে ভালোবাসো—
স্বাধীনতার ওই পবিত্র নিশান,
বুকের মাঝেই হাসো।

ফেলে আসা শৈশব

কোথায় গেল সেই দিনগুলো?
ধুলোমাখা সেই পথ—
ছুটতে তুমি আপন মনে,
ছিল না কোনো রথ।

কাগজের ওই নৌকা ভাসিয়ে,
হতে তুমি রাজা—
আজ কেন দামী সুটে তুমি,
পাচ্ছো হাজার সাজা?

শৈশব তোমার পবিত্র ছিল,
ছিল না কোনো লোভ—
আজকের এই প্রাপ্তি তোমার,
বাড়াচ্ছে শুধু ক্ষোভ।

বিবেক কি তোর বলে না রে,
হারিয়েছিস কি ধন?
সরলতার সেই দিনগুলোই,
ছিল আসল ক্ষণ।

টাকা দিয়ে কি কিনতে পাবি,
মায়ের সেই আঁচল?
শৈশব আজ গুমরে কাঁদে,
চোখে নিয়ে জল।

ফিরতে যদি পারতে আবার,
সেই মেঠো ওই পথে—
বিবেক তখন শান্তি পেত,
ঈমানি ওই রথে।

―――

একাকীত্বের শহর

―――

হাজারো মানুষের ভিড় জমেছে,
শহর জুড়ে আলো—
ভিতরে তোমার একলা মন,
বাসছে না আর ভালো।

দামী ফ্ল্যাটের চার দেয়ালের,
বন্দি আছো তুমি—
সুখের মরীচিকা খুঁজে,
পাপের মরুভূমি।

আপন মানুষ পাশে বসে,
চেনে না কেউ কারে—
যান্ত্রিক এই জীবন তোমার,
ভাসছে অন্ধকারে।

বিবেক কি তোর ডুকরে কাঁদে,
একলা যখন থাকো?
মিথ্যে হাসির আড়ালে তুই,
নিজেরে কেন ঢাকো?

একাকীত্বের এই দহনে,
পুড়ছে তোমার প্রাণ—
মালিকের সাথে মিতালী করো,
পাবে তুমি ত্রাণ।

১০০ বিবেকের আর্তনাদ শোনো,
একলা তুমি ভাই—
আখেরাতের ওই সফরে,
সঙ্গী কেউ নাই।

―――

হারানো স্বপ্ন

রঙিন কত স্বপ্ন ছিল,
আকাশ ছোঁয়ার নেশা—
সময়ের ওই ঘূর্ণিপাকে,
ছিঁড়লো ভালোবাসা।

পাবার লোভে হন্যে হয়ে,
ছুটলে কত দূর—
আজকে তোমার বুকের ভিতর,
বাজে করুণ সুর।

যাকে তুমি সার্থকতা ভাবলে,
সে ছিল এক ফাঁকি—
বিবেকের ওই আয়নায় আজ,
স্বপ্ন কত বাকি?

পাপের পথে স্বপ্ন বুনে,
করলে নিজের ক্ষয়—
আজকে কেন একলা কোণে,
পাস রে তুই ভয়?

স্বপ্ন তোমার মরে গেছে,
দুনিয়ার এই ভিড়ে—
আখেরাতের স্বপ্ন আঁকো,
তওবা করে ফিরে।

মালিকের ওই জান্নাতই তো,
আসল বড় স্বপ্ন—
বিবেক জাগাও পথিক এবার,
হও ঈমানে মগ্ন।

পরনিন্দা ও ঘৃণা

অন্যের সুখে পাথর ছোঁড়ো,
হাসো তুমি একা—
ঘৃণার বিষে নীল হয়ে আজ,
হচ্ছো কত বাঁকা।

পরের খুঁত খুঁজতে তুমি,
ব্যস্ত সারাদিন—
নিজের ভুলের পাহাড় তোমার,
হচ্ছে কত সীন?

ঘৃণা দিয়ে মানুষের মন,
জয় কি করা যায়?
বিবেকহীন এই সমাজ তোমার,
হারায় যে কূল পায়।

প্রতিটি মানুষের ভিতর আছে,
মালিকের এক রূপ—
ঘৃণা করলে পাপিষ্ঠ তুই,
হবি যে এক চুপ।

বিবেককে বলো ভালোবাসতে,
ছাড়ো ওই নিন্দা—
পরনিন্দার ফল তো বন্ধু,
মরবি তুই জিন্দা।

তওবা করো মন থেকে আজ,
সবার ভালো চাও—
মমতার এই পৃথিবী গড়ে,
মুক্তি তুমি পাও।

———

বিলাসিতার আড়ালে শূন্যতা

———

দামী সোফা, দামী গাড়ি,
ঝাড়বাতির ওই আলো—
ভিতরটা তোর অন্ধকার বড়,
লাগছে না আর ভালো।

বিলাসিতার এই জৌলুসে আজ,
হারিয়েছিস তুই মন—
শান্তি কি তুই পাচ্ছিস ওরে?
বলনা একটি ক্ষণ।

বাহিরটা তোর ঝলমল করে,
ভিতরে পচা ঘুণ—
বিবেকের এই আদালতে তুই,
করছিস নিজেরে খুন।

অভাবী লোকের দীর্ঘশ্বাসে,
তোর যে এই বাড়ি—
বিলাসিতার ওই প্রাচুর্য আজ,
দিচ্ছে তোকে আড়ি।

টাকা দিয়ে কি ঘুম কেনা যায়?
শান্তি কি তোর কেনা?
বিবেকের আর্তনাদ শোনো,
আসল সুখ তো চেনা।

নম্র হও ওহে ভোগী বিলাসী,
অল্পে হও তুষ্ট—
ঈমানি আলোয় জীবন সাজাও,
হবে না কেউ রুষ্ট।

———

বন্ধুর বেশে শত্রু

পাশে বসে যে মিষ্টি হাসে,
খায় রে তোর সাথে—
আড়ালে সে গর্ত খোঁড়ে,
অন্ধকার ওই রাতে।

বিশ্বাসের ওই ঘাড়ে বসে,
করছে সে কত চাল—
বিবেকহীন এই বন্ধু তোরে,
ফেলবে মরণ জাল।

মুখোশধারী বন্ধু চেনা,
বড়ই কঠিন কাজ—
বিবেকের ওই আয়নায় আজ,
খোল রে মিথ্যে সাজ।

যারে তুমি কলিজা দিলে,
দিল সে বড় আঘাত—
আজকে কেন একলা কাঁদো,
বসে সারা রাত?

বন্ধু চেনো সময় থাকতে,
পাস না যেন ধোঁকা—
মালিক ছাড়া কেউ নেই আপন,
বুঝলি না তুই বোকা।

সত্যের বন্ধু খুঁজে নাও আজ,
পাবে তুমি দিশা—
ঈমানি বন্ধু সাথী হলে,
কাটবে অন্ধকার নিশা।

বিশ্বাসের ফাটল

একটি মিছে কথা তোমার,
ভাঙলো কত ঘর—
বিশ্বাসের ওই কাঁচের পাত্র,
হলো কত পর।

ভরসা করে হাত ধরেছিল,
ছেড়ে দিলে মাঝপথে—
বিবেক কি তোর কাঁপলো না রে,
বিলাসিতার ওই রথে?

বিশ্বাস তো এক পবিত্র ধন,
বুকের মাঝের নূর—
ভাঙলে পরে জোড়া লাগে না,
হয় যে বহুদূর।

পাপিষ্ঠ তুই বেইমানি করলি,
পাস নি একটু লাজ—
বিবেকের এই আর্তনাদ শোনো,
বন্ধ করো এই কাজ।

মালিকের সাথেও করছো খেয়ানত,
ভুলে গেছো কি তাঁর কথা?
বিশ্বাসের এই ফাটল তোকে,
দেবে যে বড় ব্যথা।

সততার ওই চাদরটা গায়ে,
হও রে বিশ্বাসী—
মুনাফিকের ওই পথ ছেড়ে আজ,
হও সত্যের অভিলাষী।

দামী গাড়ির যাত্রী

গ্লাস নামিয়ে বাইরে তাকাও,
তপ্ত পিচঢালা পথ—
শ্রমিক এক বৃদ্ধ মানুষ,
টানছে অভাবের রথ।

তোর গাড়ির ওই চাকার তলায়,
পিষছে কত প্রাণ—
দামী এসি রুমে বসে কি,
পাবি সে হাহাকার ত্রাণ?

টাকা দিয়ে কি পরকাল পাবি?
গাড়ি কি যাবে সাথে?
বিবেকের এই দংশন হবে,
অন্ধকার ওই রাতে।

মানুষের কষ্টের ওপর দাঁড়িয়ে,
করছো কত দাপট—
গাড়ির যাত্রী নামবে যেদিন,
হবে যে লণ্ডভণ্ড।

সাড়ে তিন হাত মাটির নিচে,
গাড়ি যাবে না ভাই—
নিজের পায়েই হাঁটতে হবে,
সঙ্গী কেউ নাই।

বিবেককে বলো নম্র হতে,
রাস্তা দিয়ে যখন যাস—
অসহায়ের চোখের জল,
হবে রে তোর সর্বনাশ।

যান্ত্রিক মানবতা

মানুষ মরে মানুষ দেখে,
তুলে নেয় সেলফি—
সাহায্য করার হাত বাড়াতে,
লাগে সবার ফি।

রাস্তার ধারে পড়ে আছে লোক,
রক্তে ভেজা গায়—
মানবতা আজ ডুকরে কাঁদে,
মানুষের এই ধরায়।

যন্ত্রের মতো জীবন সবার,
মমতা নেই মনে—
টাকা আর স্বার্থই শুধু,
ঘুরছে সারাক্ষণে।

বিবেক তোমার মরে গেছে কবে?
মনুষ্যত্ব কি শেষ?
পশুর চেয়েও অধম হয়ে,
ধরছো মানুষের বেশ।

মনুষ্যত্বের আকাল ঘুচাতে,
হতে হবে দরদী—
ভালোবাসার এই পৃথিবী গড়ে,
মুছো সবার বিবাদী।

১০০ বিবেকের আর্তনাদ শোনো,
মানুষ হতে শেখো—
সবার উপরে মানুষ সত্য,
এই কথাটি লেখো।

———

দুনিয়ার মায়া ত্যাগ

———

অর্ধেক পথ পার হলে বন্ধু,
দুনিয়া দেখা হলো—
এবার তুমি মনের ঘরে,
পরকাল প্রদীপ জ্বালো।

মায়ার জালে জড়িয়ে ছিলে,
এতটা দিন ও রাত—
এবার তুমি প্রস্তুত হও,
বাড়াও নেকির হাত।

যাকে ভাবলে চিরস্থায়ী,
সে তো এক ধোঁকা—
পরকালের সফরের জন্য,
সাজো নিয়ে নৌকা।

১০০ বিবেকের আর্তনাদ শোনো,
৫১ নম্বর পাতা—
শুরু হবে আজ আখেরাতের,
জীবন খাতার খাতা।

দুনিয়া তো এক পান্থশালা,
মুসাফির তুমি ভাই—
মালিকের ঐ ডাক এসেছে,
ফিরতে হবে তো তাই।

তওবা করে পাক করো মন,
ছাড়ো এই মায়া—
জান্নাতের ওই শীতল হবে,
তোমার মাথার ছায়া।

———

শেষ বিদায় (মৃত্যু)

হঠাৎ থামবে ঘড়ির কাঁটা,
হঠাৎ হবে চুপ—
রঙিন পৃথিবী হারাবে দিশা,
বদলে যাবে রূপ।

যাকে তুমি 'আমি' বলতে,
হবে সে এক 'দেহ'—
কাফন পরাতে ব্যস্ত হবে,
রইবে না আর কেহ।

রাজার মুকুট, প্রজার লাঠি,
সবই পড়ে রবে—
মাটির মানুষ মাটির ঘরে,
লীন হয়ে যে যাবে।

যাদের জন্য সারা জীবন,
খাটলে গাধার মতো—
তারা তোমায় বিদায় দেবে,
ভুলে গিয়ে ক্ষত।

বিবেক তোমার আর্তনাদ করে,
প্রস্তুত কি তুমি?
মৃত্যু তো এক অমোঘ সত্য,
জীবন মরুভূমি।

এক সেকেন্ডের নেই যে ভরসা,
থামবে যখন প্রাণ—
সাথী হবে শুধু নেক আমল,
আর খাঁটি ওই ঈমান।

মাটির ঘর (কবর)

সাড়ে তিন হাত মাটির বিছানা,
নাই তো বাতি-পাখা—
অন্ধকারে একলা তুমি,
হিসাব দিতে একা।

না ছিল সেখানে ইট-পাথর,
না ছিল কোনো ছাদ—
শুরু হলো বন্ধু তোমার,
বিবেকের আর্তনাদ।

সাথী হবে শুধু তোমার,
সাদা আমলনামা—
সেদিন কিন্তু ছিঁড়বে সবার,
অহংকারের জামা।

পোকা-মাকড়ের বসতি হবে,
তোমার ওই দেহ—
খবর নিতে আসবে না তো,
আপন মানুষ কেহ।

